# বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বানিজ্যিক ব্যাংক

**মাধবদী শাখা, নরসিংদী।**

(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারা মোতাবেক সার্টিফিকেট বলে অর্জিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে)

# নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

১) **মেসার্স এস.এম ট্রেডার্স** এর পক্ষে স্বত্তাধিকারীঃ জনাব হাজী মোঃ পারভেজ, পিতাঃ মৃত কাউসার আহম্মেদ; ২) মোঃ হাবিবুর রহমান, পিতাঃ মৃত কাউসার আহম্মেদ; ৩) মোসা. রানু বেগম, স্বামীঃ মৃত কাউসার আহম্মেদ। সর্ব সাং-মনোহরপুর, পোঃ মাধবদী, থানাঃ নরসিংদী সদর, জেলাঃ নরসিংদী।

উপরোক্ত ঋণ গ্রহীতা/বিবাদী/দায়িকগনদের বিরুদ্ধে বিজ্ঞ অর্থঋণ আদালত-১, নরসিংদী এ অর্থজারী মামলা নং-১১/২০১৮ দায়ের করা হলে বিজ্ঞ আদালত গত ০৮/১২/২০২০ তারিখে ব্যাংকের অনুকূলে ৩৩(৫) ধারায় নিম্ন তফসিল বর্নিত সম্পত্তি দখল ও ভোগের অধিকার সহ বিক্রয়ের অধিকার প্রদান করেন। বর্নিত ঋণ গ্রহীতা/বিবাদী/দায়িকগনদের নিকট **১২/০৮/২০২৫ ইং** তারিখ পর্যন্ত পাওনা **১,৩৭,৬৭,২৮৫.২০ টাকা (এক কোটি সাইত্রিশ লক্ষ সাতষট্টি হাজার দুই শত পঁচাশি টাকা বিশ পয়সা)** মাত্র। অর্থঋণ আদালত আইন-২০০৩ এর ৩৩(৫) ধারা মোতাবেক বেসিক ব্যাংক লিমিটেড, মাধবদী শাখা, নরসিংদী এর নিম্ন তফসিল বর্নিত সম্পত্তি দখল ও ভোগের অধিকার সহ বিক্রয়ের অধিকার প্রাপ্ত হওয়ায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্ন লিখিত শর্তে দরপত্র আহবান করা যাইতেছে।

## শর্তাবলী

১। প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় (প্রত্যেকটি তফসিলের জন্য একই দরপত্রে পৃথকভাবে দরমূল্য লিখিত হইবে) লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

২। দরপত্র **আগামী ১৪/১২/২০২৫ইং** তারিখ অপরাহ্ন ০২.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, মাধবদী শাখা, নরসিংদীতে রক্ষিত দরপত্র বক্সে সরাসরি কিংবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসে অপরাহ্নে ৩.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সম্মূখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরনের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে।

৩। দরপত্র দাখিল করিবার সময় নিম্নে উল্লেখিত প্রযোজ্য আর্নেস্ট মানি (অগ্রিম মূল্য) জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার বেসিক ব্যাংক লিমিটেড, মাধবদী শাখা, নরসিংদী এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল। সময়সীমার মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

| আর্নেস্ট মানি ও জামানতের পরিমান | অবশিষ্ট মুল্য পরিশোধের সময়সীমা |
|---|---|
| উদ্বৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মুল্যের ২০% হারে। | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে। |
| উদ্বৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে। | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে। |
| উদ্বৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে। | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে। |

৪. দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৫. উপরে বর্ণিত ৩ নং শর্তাধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ের আহবান করিতে পারিবেন।

৬. সকল দরদাতাকে নিম্নতফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্টেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যথা পৌরকর, ওয়াসা, পিডিবি, পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যদি সহ যে কোন বিল বা পাওনা বা দাবী বা বিবিধ খরচ থাকলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৭. নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক আগ্রহী ক্রেতাগণ বিস্তারিত জানার জন্য সংশ্লিষ্ট শাখায় অফিস চলকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

৮. কোন কারন দর্শানো ব্যাতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন বটে।

## সম্পত্তির তফসিল

জেলাঃ নরসিংদী, সাব রেজিস্ট্রি অফিসঃ নরসিংদী সদর, মৌজাঃ কোতয়ালিরচর, জমির পরিমানঃ ১৭.৩২ শতাংশ; জেএল নং সাবেক-৩৫০, আর.এস-৮১; খতিয়ান নং এস.এ-৫৯৪, আর.এস-৩৮৮; দাগ নং সিএস ও এসএ-৩২৩, আরএস-৬০৬। **যাহার চৌহদ্দিঃ** উত্তরে- আজিজ মৌলভী, দক্ষিনে- হাবি মাষ্টার, পূর্বে- দাগ নং-৬০০, পশ্চিমে - সালাউদ্দিন।

**সহকারী মহাব্যবস্থাপক ও শাখা প্রধান**

**মাধবদী শাখা, ২৪৮/১, এন.ডি টাওয়ার, আলগী রোড, মাধবদী, নরসিংদী। মোবাইল: ০১৭১১১৮১৫৯৪**

দৈনিক ইত্তেফাক, দৈনিক গ্রামীন দর্পন

ছাপার তারিখ ঃ ১৯/১১/২৫ইং